

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd)

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৭.২৪ (অংশ)-১৩৪৫

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১  
১০ ডিসেম্বর ২০২৪

বিষয়ঃ ২০২৫ সনের অনুমোদিত হজ এজেন্সির হজযাত্রী নিবন্ধন সংক্রান্ত।

সূত্র: স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০০৭.২৪-১২৯৪, তারিখ: ২৭/১১/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হিজরি ১৪৪৬/২০২৫ খ্রি. সনের হজের নিবন্ধন কার্যক্রম আগামী ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ শেষ হবে। কিন্তু ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত তালিকায় প্রকাশিত হজ এজেন্সিসমূহের মধ্যে অনেক এজেন্সির নিবন্ধিত হজযাত্রীর সংখ্যা খুবই কম বা এ পর্যন্ত কোন হজযাত্রী নিবন্ধনই করেনি।


০২। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে প্রকাশিত হজ ২০২৫ মৌসুমের হজ কার্যক্রমের জন্য যোগ্য এজেন্সির তালিকার শর্তাবলী ১(ঝ) এর শর্ত নিম্নরূপ:

“প্রকাশিত তালিকার কোন এজেন্সি হজ ২০২৫ মৌসুমে যৌক্তিক কারণ ছাড়া হজযাত্রী নিবন্ধন না করলে সেই এজেন্সির বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে”

এছাড়া ‘হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৫’ এর অনুচ্ছেদ ৯ (১৩) এ নিম্নরূপ নির্দেশনা রয়েছে:

“কোন এজেন্সি ৪৬ জন হজযাত্রী নিবন্ধন করলে অর্থাৎ ১ জন গাইডের সমসংখ্যক হজযাত্রী হলে সেই এজেন্সি অন্য এজেন্সির সাথে সমন্বয় করতে পারবে”।

০৩। বর্ণিতাবস্থায়, হজ এজেন্সিসমূহকে আগামী ১৫ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে হজযাত্রী নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি জরুরি।



মামুন আল ফারুক  
উপসচিব

ফোন: ৫৫১০১১১১

e-mail: [morahajsection@gmail.com](mailto:morahajsection@gmail.com)

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার

.....  
..... সকল হজ এজেন্সি

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৭.২৪ (অংশ)-১৩৪৫

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১  
১০ ডিসেম্বর ২০২৪

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd) এ প্রকাশের অনুরোধসহ)।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।



মামুন আল ফারুক  
উপসচিব